# দুর্যোগকালীন সময় WASH

water.org

## পানিকে নিরাপদ করা

### বন্যার পরে, পানি পরিষ্কার করার পদ্ধতি


ফুটানো


জীবাণুমুক্তকরণ


ফিল্টারেশন (ছাঁকন)

## ফুটানো

উৎস থেকে আসা পানি যদি নিরাপদ না হয়, তাহলে মানুষের উচিত পানি ফুটানোর মাধ্যমে তা বিশুদ্ধ করে পান করা।

ধাপ ১



**নিরাপদ উৎস**

খাবার পানির জন্য নিরাপদ বা কম ক্ষতিগ্রস্ত পানির উৎস খুঁজে বের করে পানি সংগ্রহ করুন

ধাপ ২



**ফিল্টার**

পানি ঘোলা হলে, ফুটানোর আগে পরিষ্কার কাপড় বা ছাঁকনি দিয়ে পানি ছেঁকে নিন

ধাপ ৩



**ফুটানো**

কমপক্ষে ১০ থেকে ১৫ মিনিটের জন্য পানি ফুটিয়ে নিন এবং খাওয়ার আগে ঠান্ডা হওয়ার জন্য কিছু সময় রেখে দিন

ধাপ ৪



**সংরক্ষন**

ফুটানো পানি একটি পরিষ্কার পাত্রে বা পানির ফিল্টারে সংরক্ষণ করুন। নিশ্চিত করুন যে পানির পাত্রটি ভালোভাবে ঢেকে একটি উঁচু স্থানে রাখা হয়েছে

ধাপ ৫



**নিরাপদ তত্ত্বাবধান**

সংরক্ষিত পাত্রটি থেকে পানি তোলার জন্য একটি পরিষ্কার বড় হাতল যুক্ত চামচ ব্যবহার করুন বা একটি কল এর মাধ্যমে সংরক্ষিত পাত্রটি ব্যবহার করুন।

## জীবাণুমুক্তকরণ

যদি পানি ফুটানো সম্ভব না হয়, তবে রাসায়নিক জীবাণুনাশক যেমন- ক্লোরিন ট্যাবলেট বা পানি বিশুদ্ধকারী পাউডার ব্যবহার করে, পান করার জন্য অল্প পরিমাণ খাবার পানি বিশুদ্ধ করতে পারেন।

✓ জরুরী পরিস্থিতিতে পানি জীবাণুমুক্ত করতে ক্লোরিন ট্যাবলেট ব্যবহার করা যেতে পারে। উল্লেখ্য যে, শুধুমাত্র অল্প সময়ের জন্য ক্লোরিন ট্যাবলেট ব্যবহার করা উচিত।

**সংরক্ষন**


✓ পানি বিশুদ্ধকরণ পাউডারটি এমন একটি মিশ্রণ যা একই সাথে ক্লোরিন এর জমাট বাঁধা এবং টাইম-রিলিজ ফর্ম থাকে। এই পাউডারটিতে পানির অস্বচ্ছতা এবং রোগজীবাণু অপসারণের জন্য জমাট বাঁধা পদার্থ এবং জীবাণুমুক্তকরণ ব্যবহার করে।

**পানি বিশুদ্ধকরণ পাউডার**

## পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট

সাধারণত এই ক্লোরিন ট্যাবলেটগুলো ৪ মিলিগ্রাম এবং ৪০ মিলিগ্রাম, এই দুটি মাত্রায় পাওয়া যায়। ৪ মিলিগ্রাম ট্যাবলেট এক লিটার পর্যন্ত পানি বিশুদ্ধ করতে পারে এবং ৪০ মিলিগ্রাম ট্যাবলেট ১০ লিটার পর্যন্ত পানি বিশুদ্ধ করতে পারে। ব্যবহারের আগে ট্যাবলেটের মাত্রা দেখে নিন।৪০ মিলিগ্রাম ট্যাবলেটের ব্যবহার নীচে দেওয়া হলো-

ধাপ ১




একটি পরিষ্কার পাত্রে ১০ লিটার পানি সংগ্রহ করুন

ধাপ ২





একটি ট্যাবলেট যোগ করুন (পানিতে যোগ করার আগে ট্যাবলেটটি গুড়া করুন)

ধাপ ৩



পানি ভালোভাবে মিশ্রিত করতে পরিষ্কার লাঠি ব্যবহার করুন

ধাপ ৪




৩০ মিনিটের জন্য পানি রেখে দিন। নির্ধারিত সময়ের পরে, পানি সংরক্ষণের জন্য একটি পাত্রে তা স্থানান্তর করুন।

ধাপ ৫



একটি পরিষ্কার কাপড় দিয়ে পানি ছেঁকে তা সুরক্ষিত পাত্রে স্থানান্তর করুন।

ধাপ ৬



সংরক্ষিত পাত্রটি থেকে পানি পান করার জন্য একটি পরিষ্কার বড় হাতল যুক্ত চামচ ব্যবহার করুন।

# নলকূপ জীবাণুমুক্ত করা

**ধাপ ১**



কিছু বালতি, পাইপ/স্লাইড, রেঞ্চ, বড় ফানেল এবং ব্লিচিং পাউডার সংগ্রহ করুন।

**ধাপ ২**




প্রতি ২০ লিটার পানিতে ২ চা চামচ (১৫ গ্রাম) ব্লিচিং পাউডার মিশিয়ে প্রয়োজনীয় দ্রবণ প্রস্তুত করুন।

**ধাপ ৩**




ফানেল সেট করার জন্য টিউবওয়েলের মাথাটি খুলে তার উপরে একটি সুতির কাপড় রাখুন

**ধাপ ৪**




টিউবওয়েলের ভিতরে ফানেলের মাধ্যমে প্রস্তুতকৃত দ্রবণটি ঢেলে দিন যতক্ষণ না এটি ফিল্টারে পৌঁছায়।

**ধাপ ৫**



২ ঘন্টা অপেক্ষা করুন এবং টিউবওয়েল থেকে পানি সরান যতক্ষণ না ক্লোরিনের গন্ধ চলে যায়।

**ধাপ ৬**



এখন টিউবওয়েলের পানি পানের উপযুক্ত।

---

**ধাপ ১**



**গভীর টিউবওয়েলের জন্য** ৬২ লিটার দ্রবণ এবং প্রয়োজনে তিনটি ২০ লিটারের বালতি রাখুন।

**ধাপ ২**




প্রতি বালতিতে ২ চা চামচ (১৫ গ্রাম) ব্লিচিং পাউডার মেশান।

**ধাপ ৩**




ফানেল সেট করার জন্য টিউবওয়েলের মাথাটি খুলে তার উপরে একটি সুতির কাপড় রাখুন

**ধাপ ৪**




ফানেলের মাধ্যমে প্রস্তুতকৃত মিশ্রণটি ঢালুন।

**ধাপ ৫**



২ ঘন্টা অপেক্ষা করুন এবং টিউবওয়েল থেকে পানি সরান যতক্ষণ না ক্লোরিনের গন্ধ চলে যায়।

**ধাপ ৬**



এখন টিউবওয়েলের পানি পানের উপযুক্ত।

# পানি বিশুদ্ধকরণ পাউডার


পানি বিশুদ্ধকরণ পাউডার একটি ৪ গ্রামের প্যাকেটে থাকে। প্রতিটি প্যাকেট ১০ লিটার পানি বিশুদ্ধ করে।
অনুগ্রহ করে প্যাকেটের সাথে দেওয়া নির্দেশাবলী পড়ুন, কারণ এই প্যাকেটের ব্যবহার এর প্রক্রিয়া প্রস্তুতকারকের উপর নির্ভর করে পরিবর্তিত হতে পারে।

**ধাপ ১**




বালতিতে ১০ লিটার পানি নিয়ে তাতে প্যাকেটে থাকা পদার্থ যোগ করুন।

**ধাপ ২**




পানি ভালোভাবে মিশ্রিত করতে একটি পরিষ্কার লাঠি বা কাচের রড ব্যবহার করুন।

**ধাপ ৩**




পানি কিছুক্ষণ এভাবে রেখে দিন। পানি পরিষ্কার না হলে, ফ্লক আলাদা না হওয়া পর্যন্ত আবার নাড়ুন।

**ধাপ ৪**




একটি পরিষ্কার কাপড় দিয়ে পরিশোধিত পানি ছেঁকে নিয়ে, একটি পাত্রে স্থানান্তর করুন।

**ধাপ ৫**



২০ মিনিট অপেক্ষা করুন।


**ধাপ ৬**



সংরক্ষিত পাত্রটি একটি কল এর মাধ্যমে ব্যবহার করুন বা পানি তোলার জন্য বড় হাতল যুক্ত চামচ ব্যবহার করুন।

# পরিশোধন

## বায়োস্যান্ড ফিল্টার




বাসা-বাড়িতে পানির ব্যাকটেরিয়াযুক্ত দূষণ রোধ করতে বায়োস্যান্ড ফিল্টার ব্যবহার করা যেতে পারে।

## গ্র্যাভিটি ফিল্টার



## ইউভি ফিল্টার



বাসা-বাড়িতে অন্যান্য পানির ফিল্টার যেমন গ্র্যাভিটি ফিল্টার, ইউভি ফিল্টারও ব্যবহার করা যেতে পারে।